



বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)  
প্রধান কার্যালয়, টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।  
[www.btcl.gov.bd](http://www.btcl.gov.bd) বিটিসিএল.বাংলা

নং- ১৪.৩৩.০০০০.০২৪.১১.০০১.২১.২২

তারিখ: ২৫-০৩-২০২২ খ্রিঃ।

## প্যানেল অ্যাডভোকেট তালিকাভুক্তিকরণ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)-এর পক্ষে/বিপক্ষে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগের মামলা, দেওয়ানী, ফৌজদারী ও অন্যান্য ট্রাইব্যুনালের মামলা এবং বিটিসিএল-এর-স্বার্থ সংশ্লিষ্ট যাবতীয় মামলা পরিচালনার নিমিত্ত সারা দেশ হতে বিজ্ঞ আইনজীবীগণের প্যানেলভুক্তির লক্ষ্যে আগ্রহী আইনজীবীদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

০১. আবেদনকারীর নাম, পিতা/স্বামী ও মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, বয়স উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত দিতে হবে।
০২. আবেদনের সাথে সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে।
০৩. জাতীয় পরিচয় পত্র, বার কাউন্সিলের সনদপত্র এবং শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
০৪. সুপ্রীম কোর্টে মামলা পরিচালনার জন্য হাইকোর্ট বিভাগের অ্যাডভোকেট হিসাবে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
০৫. নিম্ন আদালতে মামলা পরিচালনার জন্য অ্যাডভোকেট হিসাবে ৮ (আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
০৬. অবসরপ্রাপ্ত কর্মক্ষম জেলা জজ/বিচারকগণও আবেদন করতে পারবেন।
০৭. বিটিসিএল-এর মামলা পরিচালনার সময় বিটিসিএলের স্বার্থ বিরোধী অপর কোন মামলা পরিচালনায় অংশগ্রহণ করতে পারবেন না।
০৮. মনোনীত প্যানেল আইনজীবীগণকে ৩ (তিন) বছরের জন্য অস্থায়ীভাবে তালিকাভুক্ত করা হবে।
০৯. বিটিসিএল-এর মামলা পরিচালনার জন্য বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) কর্তৃক অনুমোদিত রোট সিডিউল অনুসারে ফি প্রযোজ্য হবে।
১০. বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, প্রধান কার্যালয়, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ বরাবর আবেদনপত্র ডাকযোগে, সরাসরি অথবা ই-মেইল [btcl.legalwing@gmail.com](mailto:btcl.legalwing@gmail.com) মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে।
১১. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।
১২. সুপ্রীম কোর্ট এবং ঢাকা জেলার আদালতসমূহের ক্ষেত্রে আইনজীবী প্যানেলভুক্তির জন্য প্রার্থীগণের সাক্ষাৎকার বিটিসিএল প্রধান কার্যালয়, ঢাকায় অনুষ্ঠিত হবে।
১৩. ঢাকা জেলা ব্যতীত অন্যান্য সকল জেলার আদালতসমূহের ক্ষেত্রে আইনজীবী প্যানেলভুক্তির জন্য স্ব স্ব বিভাগীয় শহরের বিটিসিএল কার্যালয়ে সংশ্লিষ্ট টেলিকম অঞ্চলের মুখ্য মহাব্যবস্থাপক কর্তৃক প্রার্থীগণের সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

বিঃদ্রঃ আইনজীবী প্যানেলভুক্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি বিটিসিএল-এর ওয়েব সাইটেও ([www.btcl.com.bd](http://www.btcl.com.bd)) পাওয়া যাবে।

(সজিব কুমার ঘটক)

উপ-ব্যবস্থাপনা পরিচালক (কর্পোরেট অ্যাফেয়ার্স)

ও

আস্রায়ক, প্যানেল অ্যাডভোকেট নির্বাচন কমিটি।

☎: ০২-৫৫১৪১৭৪২।